গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৪৮

**তরুণদের প্রতিভা, সাহস, বুদ্ধিবৃত্তিক চেতনা ও ঐক্যই পারে দেশকে বদলে দিতে**
**- মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর**

রাজশাহী; ১৬অগ্রহায়ণ (০১ ডিসেম্বর):

গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মো. আবদুল জলিল বলেছেন, তরুণদের প্রতিভা, সাহস, বুদ্ধিবৃত্তিক চেতনা ও ঐক্যই পারে দেশকে বদলে দিতে। তিনি আজ (০১ ডিসেম্বর) তারুণ্যনির্ভর নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে পাবনা সরকারি এডওয়ার্ড কলেজের শহীদ আব্দুস সাত্তার মিলনায়তনে'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' শীর্ষক আলোচনাসভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। গণযোগাযোগ অধিদপ্তরের বিশেষ প্রচার কর্মসূচির আওতায় পাবনা জেলা তথ্য অফিস এ সভার আয়োজন করে।

মহাপরিচালক বলেন, তরুণদের অন্তর্নিহিত প্রতিভা বিকশিত করার মাধ্যমেই গড়ে উঠবে এক নতুন আলোকিত বাংলাদেশ। একটি আধুনিক সৃজনশীল, জ্ঞানভিত্তিক, বিজ্ঞানমনস্ক, মানবিক, ন্যায় ও সমতাভিত্তিক সমাজ গঠনের মাধ্যমেই তরুণরা বদলে দেবে দেশ, বদলে দেবে পৃথিবী।

সরকারি এডওয়ার্ড কলেজের অধ্যক্ষ অধ্যাপকমো. আব্দুল আউয়াল মিয়ার সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন উপস্থিত ছিলেন সরকারি এডওয়ার্ড কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক ও ইংরেজি বিভাগের অধ্যাপকমোহা. কলিমুদ্দিন, পাবনা প্রেসক্লাবের সভাপতি আখতারুজ্জামান আখতার এবং প্রাণিবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ড. মো. শামছুল ইকবাল খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন সিনিয়র তথ্য অফিসার মো. সামিউল আলম।

অনুষ্ঠানে বক্তাগণ তরুণ সমাজের গৌরবোজ্জ্বল ইতিহাস ও প্রতিভার কথা উল্লেখ করেন এবং এ প্রতিভা বিকশিত করার মাধ্যমে নিজেকে, সমাজকে ও দেশকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছে দেওয়ার আহ্বান জানান। পাশাপাশি তাদের প্রতিভা বিকাশে একটি উপযুক্ত পরিবেশ সৃষ্টিতে সকলের দায়িত্বপূর্ণ ভূমিকারকথা তুলে ধরেন।

সভায় শিক্ষক, সাংবাদিক, অভিভাবক, শিক্ষার্থীসহ প্রায় চার শতাধিক মানুষ উপস্থিত ছিলেন।

.........................................................................

আলীম/আতিক/স্মিতা/২০২৫/১৮:৩০ঘ.